

খণ্ড 4

DeKalb County School District-এর পক্ষ থেকে আপনাদেরকে শুভেচ্ছা,

সময় বয়ে যাচ্ছে। স্কুলগুলো আবার খোলার সময় আসতে চলেছে। কর্মী, পিতামাতা নেতৃবৃন্দ এবং পরিবারের সাথে একসাথে থাকার মাধ্যমে আমি ডিস্ট্রিক্টটিকে জানতে পেরেছি এবং এই সুন্দর কাউন্টিকে আমি এখন বাড়ি বলে মনে করি।

DeKalb কাউন্টিতে এই সপ্তাহটা ব্যস্ততাতেই কেটেছে। আমি বৈচিত্র্য দেখে মুগ্ধ হয়েছি। অঞ্চল ১১ জুড়ে আমার সাথে ভ্রমণ করার জন্য আঞ্চলিক সুপারিন্টেন্ডেন্ট Trenton Arnold-কে ধন্যবাদ। এই সপ্তাহে আমি Druid Hills High School, Fernbank Elementary School, Smoke Rise Elementary School, Idlewood Elementary School এবং Midvale Elementary School পরিদর্শন করেছি। এছাড়াও আমাদের পরিবার এবং শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী আন্তর্জাতিক ওয়েলকাম সেন্টার এবং ফ্যামিলি ইমপ্যাক্ট হাব পরিদর্শন করেছি।

আমার বৃদ্ধবাদের ফিল্ড ডে ভিজিটে, আমি আবারও জানলাম যে DeKalb County School District সত্যিই বিশেষ। প্রতিটি স্কুলের নিজস্ব বৈশিষ্ট্য, সংস্কৃতি, শৈলী এবং উপস্থিতি রয়েছে। আমি সেই দিনের প্রতীক্ষায় রয়েছি যখন আমি আমাদের আরো শিক্ষার্থী, পরিবার এবং কর্মীদের সাথে দেখা করতে পারব।

17 অগস্ট, সেই বড় দিনের কাছাকাছি আমরা আসতে চলেছি, মনে রাখবেন যে জীবন অন্যরকম হওয়ার পরেও শিক্ষা এখনও বৃহত বিশ্বের একটি প্রবেশদ্বার। আমাদের এখনও শেখার, অর্জনের, স্বপ্ন দেখার, বেড়ে ওঠার এবং পরিকল্পনা করার সুযোগ রয়েছে। আমি আশা করি যে এই যে আপনি ব্যাক টু স্কুল 2020 ভার্সুয়াল মাধ্যমে উদযাপন করুন এবং একটি উত্তেজনাপূর্ণ বছরের জন্য প্রস্তুত হোন কারণ একসাথে আমরা বিশ্বাস করতে পারি এবং অর্জন করতে পারি, যদিও এটি আদর্শ না হয়। ভার্সুয়াল লার্নিং সম্পর্কে আমি উত্সাহী। আমি জানি আমাদের শিক্ষকরা তাদের শিক্ষার্থীদের জন্য আকর্ষণীয় সুযোগ তৈরি করছেন।

আমি এমন একজন কর্মীকে বিশেষ ধন্যবাদ জানাতে চাই যিনি অন্তর্বর্তীকালীন প্রধান মানবসম্পদ অফিসার হিসাবে — দুবার দায়িত্ব পালন করেছিলেন এবং হাসিমুখে সাহসিকতার সঙ্গে এই ডিস্ট্রিক্টের নেতৃত্ব দিয়েছেন। আমি তাকে বেশি দিন জানি না, তবে আমি জানি তার অনুপস্থিতি সকলেই অনুভব করবে। Mrs. Linda Woodard, আপনার পরিষেবার জন্য ধন্যবাদ। আপনার পরবর্তী প্রচেষ্টার জন্য শুভ কামনা রইল।

অবশেষে, DeKalb পরিবার, আমি আশা করি যে আমরা নতুন স্কুল শিক্ষাবর্ষের প্রস্তুতি নিচ্ছি তাই আপনারা 10-10 অগস্ট, সোশ্যাল মিডিয়ায় (Facebook, Twitter এবং Instagram) আমাদের সাথে যোগ দেবেন। কিছু মজাদার ছবি তোলার জন্য প্রস্তুত থাকুন এবং কিছু দুর্দান্ত স্মৃতি এবং পরামর্শ শেয়ার করুন।

গত তিন সপ্তাহ ধরে আপনার সমস্ত প্রতিক্রিয়ার জন্য আপনাকে আবারও ধন্যবাদ। ফ্যামিলি ইমপ্যাক্ট হাব থেকে বিশেষ স্পটলাইটটি দেখুন।

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট